



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি  
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী  
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১  
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)  
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১  
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০১.০৩৮.২৩. ৫৪৫৮

তারিখঃ- ০৭ জ্যৈষ্ঠ' ১৪৩০ বঙ্গাঃ  
২১ মে' ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ- “পিক-আপ গাড়ীর টায়ার” সরবরাহ করার জন্য পুনঃরিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী “পিক-আপ গাড়ীর টায়ার” সরবরাহ করার জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে পুনঃরিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	ব্রান্ড	টায়ার সাইজ	পরিমাণ	একক মূল্য (ভ্যাটসহ)	মোট মূল্য
৪৮/ ২০২২-২০২৩	টায়ার	Dunlop/ BRIDGESTON/ YOKOHAMA/	265/70R15	০৫ টি		
সর্বমোট =						


কথায়ঃ-

- ০১। পুনঃরিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ২৫/০৫/২০২৩ তারিখ, বেলা ১১:০০ ঘটিকা
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ২৫/০৫/২০২৩ তারিখ, দুপুর ১১:০৫ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

**শর্তাবলীঃ-**

- ০১। দরপত্র বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা যাবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) সংক্রান্ত প্রমানকের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। খামের উপর “পিক-আপ গাড়ীর টায়ার ” সরবরাহ কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ২৫/০৫/২০২৩ ইং তারিখ ১১:০৫ ঘটিকার পূর্বে খোলা যাবেনা মর্মে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাকারে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।


- ০৫ ॥ দরপত্র সমূহ খুলনা পবিস এর দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন শেষে সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে টায়ার সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৬ ॥ কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১৫ (পনেরো) দিনের মধ্যে টায়ার সরবরাহ করতে হবে।
- ০৭ ॥ যথাসময়ে কাজ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কার্যাদেশ মূল্য হতে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৮ ॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে মালামাল পবিসের সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯ ॥ সন্তোষজনকভাবে টায়ার সরবরাহের পর দাখিলকৃত বিলের উপর নিয়ম অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন পূর্বক একাউন্ট পেয়া চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১০ ॥ শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত ভাবে গণ্য হবে।
- ১১ ॥ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

  
(মোঃ জিব্রান রহমান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১ ॥ জেলা প্রশাসক, খুলনা।
- ০২ ॥ পুলিশ সুপার, খুলনা।
- ০৩ ॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- ০৪ ॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ০৫ ॥ উপজেলা নির্বাহী কর্মকর্তা, বটিয়াঘাটা/তেরখাদা/দাকোপ/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা, খুলনা।
- ০৬ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪
- ০৭ ॥ নির্বাহী প্রকৌশলী (সিস্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো, খুলনা।
- ০৮ ॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা।
- ০৯ ॥ সহকারী প্রকৌশলী, বাপবিবো, খুলনা।
- ১০ ॥ ডিজিএম, পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া/ কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।
- ১১ ॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস।
- ১২ ॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/ ইএন্ডসি/ এমএস), খুলনা পবিস।
- ১৩ ॥ এজিএম (আইটি), খুলনা পবিস। (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ১৪ ॥ মেসার্স -----।
- ১৫ ॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১৬ ॥ অফিস/মাষ্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
জেনারেল ম্যানেজার  
খুলনা পবিস।  
৪৩